

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৬৭.২৭.০০০১.২৬-৪৮১

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩৩
২১ জুন ২০২৬


বিষয় : বিভাগীয় মামলা নং ০০১/২০২৬ এ তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনাব সৈয়দ মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: হোমনা, জেলা: কুমিল্লা (সাবেক কর্মস্থল- উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: শাহরাস্তি, জেলা: চাঁদপুর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিতে 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণতা' এর অভিযোগে এ বিভাগের ২৬/০১/২০২৬ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৬৭.২৭.০০০৩.২৬-৮৩ নম্বর স্মারকে বিভাগীয় মামলা নং-০০১/২০২৬ বুজুসহ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারিপূর্বক তাকে কারণ দর্শানো হয়। উক্ত অভিযোগসমূহ তদন্ত করার লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাকে তদন্তকারী কর্মকর্তা হিসেবে নির্দেশক্রমে নিয়োগ করা হলো:

| তদন্তকারী কর্মকর্তার নাম | পদবি ও কর্মস্থল |
|--------------------------|--|
| ড. শাহেদ মোস্তফা | উপসচিব আইন-১ শাখা স্থানীয় সরকার বিভাগ |

০২। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), ২০১৮ এর ১১ বিধি মোতাবেক অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:


জেসমীন প্রধান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৫৪০১৪
ই-মেইল: lgdev1@lgd.gov.bd

ড. শাহেদ মোস্তফা
উপসচিব (আইন-১ শাখা),
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী (চ.দা.), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৪. জনাব সৈয়দ মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: হোমনা, জেলা: কুমিল্লা (সাবেক কর্মস্থল উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: শাহরাস্তি, জেলা: চাঁদপুর); এবং
৫. অফিস কপি।